গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি ইকবাল মেমোরিয়াল ডিগ্রি কলেজ
দাগনভূঁইয়া, ফেনী।

Web: www.imc.edu.bd, E-mail: info@imc.edu.bd, College code - 4109, Cumilla Board - 6800, Technical Board- 69013

স্মারক নং : আই এম গভ সি/ তারিখ: ২৬/০১/২৪

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষের প্রাথমিক আবেদন গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ২২ জানুয়ারী বিকাল ৪.০০টা থেকে শুরু হয়ে ১১ ফেব্রুয়ারী-২০২৪খ্রি: তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণের সাধারণ শর্তাবলী নিম্নরুপ ঃ

১। আবেদনের সাধারণ যোগ্যতা

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০২২/২০২৩ সালের HSC/সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) ও ২০২০/২০২১ সালের SSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৬.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০২২/২০২৩ সালের HSC/সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) এবং ২০২০/২০২১ সালের SSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৭.০প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ-১ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে এবং উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।

ঙ) ২০২০/২০২১ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২২/২০২৩ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে "বি" গ্রেডসহ অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (drughonours@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু বিষয়, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

চ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অন্যান্য সকল শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (drughonours@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু বিষয়, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, শিক্ষা বোর্ড কর্তৃক সমতা নিরুপনের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

ছ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক হলে তাদের অবশ্যই পূর্ববর্তী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে।

জ) স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

০২। জাতীয় বিশ্ববিদ্যালয়ের www.nu.ac.bd/admissions-এ লগইন করে আগামী ২২/০১/২০২৪ খ্রি; থেকে ১১/০২/২০২৪ খ্রি: পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। আবেদ ফরম এর প্রিন্ট কপি প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই কলেজ অফিসে জমা দিতে হবে।

স্মারক নং : আই এম গভ সি/ তারিখ: ২৩/০১/২৪

০৩। শিক্ষার্থীদের আবেদন ফরমের সাথে এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও রেজিষ্ট্রেশন কার্ড এর ফটোকপি জমা দিতে হবে।

০৪। শিক্ষার্থীদের-কে আগামী ১২/০২/২০২৪ খ্রিঃএর মধ্যে ৩৫০/- টাকার ব্যাংক চালান ফরম সকাল ১০.০০ ঘটিকা থেকে ১.০০টা পর্যন্ত কলেজ অফিস থেকে সংগ্রহ করে ব্যাংকে চালান ফরম জমা দিয়ে চালানের ফটোকপি ও আবেদনপত্র কলেজ অফিসে জমা দিতে হবে।

**জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফলাফল প্রকাশের পর ভর্তি কার্যক্রম সম্পর্কিত তথ্য পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।**

জরুরী প্রয়োজনে : (০১৭০৪২৩৬৪৪৫- কম্পিউটার অপারেটর)

০৪। ১১/০২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনকারী নির্ধারিত মোবাইল নম্বরে আবেদন ফরম নিশ্চয়ন সম্পর্কিত তথ্য না পেলে প্রয়োজনীয় তথ্যাদিসহ কলেজ অফিসে ১২/০১/২০২৪ খ্রিঃ বেলাঃ ২.০০ ঘটিকার মধ্যে যোগাযোগ করতে হবে।

**০৫। কলেজের পঠিতব্য বিষয় : হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা।**

23.01.2024
(মোহাম্মদ মোঞ্জুরুল হক)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি ইকবাল মেমোরিয়াল ডিগ্রি কলেজ
দাগনভূঁইয়া,ফেনী ।

২৩/০১/২৪
( মনিরুল ইসলাম পাটোয়ারী )
আহ্বায়ক
অনার্স ভর্তি কমিটি
সরকারি ইকবাল মেমোরিয়াল ডিগ্রি কলেজ ।
দাগনভূঁইয়া, ফেনী।